



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. X

April 2000 – December 2000

No. 2-4

সম্পাদকীয়

দীর্ঘ আন্দোলনের ফলে পশ্চিমবঙ্গের কলেজ গ্রন্থাগারিকদের কিছু কিছু সমস্যার সমাধান হলেও মূল সমস্যাগুলির যথা — পদমর্যাদা, চাকুরীর শর্তাবলী, স্টাফ প্যাটার্ন গ্রন্থাগারিক নিয়োগ ইত্যাদি, সমাধান এখনও সন্তোষজনক নয়।

কেন্দ্রীয় সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গ্রন্থাগারিকদের বেতনক্রম সংক্রান্ত বিষয়ে নির্দেশনামা জারি করেও পদোন্নতি, চাকুরীর শর্তাবলী প্রভৃতি বিষয়ে সামান্যই আলোকপাত করেছে। এমনকি বেতনক্রমেও কলেজ শিক্ষক এবং গ্রন্থাগারিকদের মধ্যে বিস্তর পার্থক্য রেখেছে। ফলে রাজ্য সরকারগুলি গ্রন্থাগারিকদের প্রতি বৈষম্যমূলক আচরণ সম্প্রতি প্রকট হয়ে উঠেছে।

পশ্চিমবঙ্গ সরকারও একই পথ অনুসরণ করেছে। Pay Fixation-এ বৈষম্য, Arrear প্রদানে বৈষম্য, অবসরকালীন সুযোগ-সুবিধা বিষয়ে বৈষম্য এবং আরো কতকগুলি ক্ষেত্রেও চাকুরীরত এবং অবসরপ্রাপ্ত গ্রন্থাগারিক বন্ধুগন সহজেই অনুমান করতে পাচ্ছেন, সমস্যাগুলি সমাধানে রাজ্য সরকার তৎসহ বিশ্ববিদ্যালয়গুলি স্ব স্ব দায়িত্বে এড়িয়ে যাওয়ার পথ অবলম্বন করেছেন, কলেজ গ্রন্থাগারিকগণ স্বতোপ্রণোদিতভাবে স্ব স্ব ক্ষেত্রে কাজ করার অনুকূল পরিবেশ পাচ্ছেন না। গ্রন্থাগারে কর্মীসংখ্যা